

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
জনসংযোগ অধিশাখা
www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯-২৬৫

তারিখ: ১৪ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ৩০ জানুয়ারি ২০২১ তারিখে পৌরসভা নির্বাচন এর তৃতীয় ধাপে ৬৪টি পৌরসভায় ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন আজ এসব পৌরসভা নির্বাচনের বিস্তারিত সময়সূচি ঘোষণা করেন।

বিস্তারিত সময়সূচি:

১।	মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	৩১ ডিসেম্বর, ২০২০ বৃহস্পতিবার
২।	দাখিলকৃত মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০৩ জানুয়ারি, ২০২১ রবিবার
৩।	প্রার্থীতা প্রত্যাহার	:	১০ জানুয়ারি, ২০২১ রবিবার
৪।	ভোট গ্রহণের তারিখ	:	৩০ জানুয়ারি, ২০২১ শনিবার


সবগুলো পৌরসভায় ব্যালট পেপারে ভোটগ্রহণ করা হবে। সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন:

আগামী ২৭ জানুয়ারি ২০২১ তারিখে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। যে পর্যায়ে নির্বাচন স্থগিত করা হয়েছিল সেখান হতেই নির্বাচনি কার্যক্রম শুরু হবে।

সংরক্ষিত ওয়ার্ড ৬ এবং সাধারণ ওয়ার্ড ৩০, ৩৭, ৪০ এর প্রার্থীর মৃত্যুর কারণে এসব ওয়ার্ডে পুনরায় তফসিল ঘোষণা করা হবে। তবে যারা প্রার্থী আছেন তারা প্রার্থী হিসেবে বহাল থাকবেন। তাদেরকে আর নতুন করে মনোনয়নপত্র দাখিল করতে হবে না। যারা নতুন প্রার্থী হতে ইচ্ছুক শুধু তারাই মনোনয়নপত্র দাখিল করতে পারবেন। এসব ওয়ার্ডেও ২৭ জানুয়ারি ২০২১ তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

সব কেন্দ্রেই ইভিএমে ভোটগ্রহণ করা হবে। সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।


(এস এম আসাদুজ্জামান)
পরিচালক (জনসংযোগ)
ও যুগ্মসচিব (সিসি)
ফোন: ৫৫০০৭৫২০